

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৩৬১

আগরতলা, ২৫ সেপ্টেম্বর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে সফল অস্ত্রোপচারে স্বাভাবিক  
অবস্থায় ফিরে এসেছে এগারো বছরের কিংডম রিয়াং

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের মাধ্যমে সম্পূর্ণ বিনামূল্যে অস্ত্রোপচারের মাধ্যমে সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ফিরে এসেছে এগারো বছরের কিংডম রিয়াং। রাজ্যের প্রত্যন্ত অঞ্চল করবুক মাতারায় পাড়া এলাকার বাসিন্দা পরমেশ্বর রিয়াং-এর পুত্র এগারো বছরের কিংডম রিয়াং জন্মের পর থেকেই দুর্বল ছিল। তার বাবা-মা লক্ষ্য করেন যে একটু হাঁটলেই বা দৌড়ালেই সে হাঁপিয়ে যায়। তার ঠোঁট ও আঙ্গুলের নখ কালচে নীল ছিল। শিলাছড়ি রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রম (আরবিএসকে) চিকিৎসক ডাঃ গয়াসুর ভক্ত জমাতিয়া ও ডাঃ লাকি সন্দীপা রিয়াং এক স্ক্রিনিং কর্মসূচিতে পরমেশ্বর রিয়াং এর এগারো বছরের পুত্র কিংডম রিয়াং-এর হৃদযন্ত্রের সমস্যার ব্যাপারে আঁচ করেন। তখন শিলাছড়ি রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের টিম কিংডম রিয়াংকে উন্নত চিকিৎসার জন্য আগরতলায় আইজিএম হাসপাতালে রেফার করেন। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন আইজিএম হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ ডাঃ গোপা চ্যাটার্জী শিশুটির ইকোকার্ডিওগ্রাফি করেন, আর এই রিপোর্টের ভিত্তিতেই তিনি জানান যে শিশুটির হৃদযন্ত্রে সমস্যা রয়েছে। এরপর রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের (আরবিএসকে) টিম চেন্নাইয়ে অ্যাপেলো চিলড্রেন হাসপাতালে কিংডম রিয়াং-কে পাঠানো হয়। গত ২৩ জুলাই ২০২৪ কিংডম রিয়াং-কে চেন্নাই-এ অ্যাপেলো চিলড্রেনস হসপিটালে হৃদযন্ত্রে অস্ত্রোপচার করার জন্য ভর্তি করা হয়। এরপর গত ২৪ জুলাই ২০২৪ অ্যাপেলো চিলড্রেনস হসপিটালের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে শিশুটির সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রে সফলভাবে অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পর কিংডম রিয়াং-এর শারীরিক অবস্থা স্থিতিশীল ও সুস্থ থাকায় পরদিনই ২৫ জুলাই ২০২৪ হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয় এবং গত ৩০ জুলাই ২০২৪ সম্পূর্ণ সুস্থ হয়ে রাজ্যে ফিরে আসে। আর্থিক অবস্থা ভাল না থাকায় এই ব্যয়সাধ্য অস্ত্রোপচারের খরচ বহন করা পরমেশ্বর রিয়াং এর পক্ষে সম্ভব ছিল না। সম্পূর্ণ বিনামূল্যে হৃদযন্ত্রের অস্ত্রোপচারের সহায়তা পেয়ে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের রাজ্য কর্তৃপক্ষ, শিলাছড়ি স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের টিম সহ অন্যান্য স্বাস্থ্যকর্মীদের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছেন। কিংডম রিয়াং সুস্থ ও স্বাভাবিক অবস্থায় ফিরে আসায় তার পিতা-মাতা সহ পরিবারে অন্য সদস্যদের মধ্যে খুশির হাওয়া বইছে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*